**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**25 JANUARY 2025** **7:35 AM PM IST**

==========================================================================

সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু আজ সন্ধ্যা ৭ টায় জাতীর উদ্দেশ্যে ভাষন দেবেন । আকাশবানীর সবগুলি কেন্দ্র রাষ্ট্রপতির এই ভাষন প্রচার করবে ।

এর পরিপ্রেক্ষিতে আমাদের কেন্দ্রের আঞ্চলিক সংবাদ রাত ৭ টা ৪৫ মিনিটের পরিবর্তে রাত সাড়ে ৮ টায় প্রচার করা হবে ।

এদিকে রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্য সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে আগামী কাল সকাল ৯ টায় রাজ্যবাসীর উদ্দেশ্যে ভাষন দেবেন ।

৭৬ তম সাধারণতন্ত্র দিবস উদযাপনের জন্য রাজ্যের বিভিন্ন স্থানে প্রস্তুতি প্রায় সম্পূর্ন হয়ে উঠেছে । সাধারণতন্ত্র দিবসের সময়কালে যাতে কোনো ধরণের নাশকতামূলক ঘটনা সংগঠিত না হয় সেজন্য পুলিশ নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তুলেছে । সাধারণতন্ত্র দিবসের প্যারেডের জন্য ও ইতিমধ্যে অনুশীলন সম্পূর্ন হয়েছে । পূর্ব নির্ধারিত ঘোষনা অনুযায়ী মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা এবার ডিব্রুগড়ে জাতীয় পতাকা উত্তোলন করবেন । ডিব্রুগড়ে প্রথমবারের জন্য সাধারণতন্ত্র দিবসের মূল অনুষ্ঠান আয়োজিত হবার পরিপ্রেক্ষিতে সমগ্র শহরটিকে সুন্দরভাবে সাজিয়ে তোলা হয়েছে ।এদিকে গৌহাটীতে খানাপারার আসাম পশুপালন ও পশু

চিকিৎসালয়ের খেলার মাঠে অনুষ্ঠেয় কার্যসূচীতে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য পতাকা উত্তোলন করবেন । এর জন্য গৌহাটী মহানগরীতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করে তোলা হয়েছে ।

বরাক উপত্যাকার তিন জেলায়ও আগামীকাল সাধারণতন্ত্র দিবস উদযাপনের প্রস্তুতি প্রায় সম্পূর্ণ ।

---

কাছাড় জেলায় আগামী কাল যথাযোগ্য মর্যাদায় ৭৬তম সাধারনতন্ত্র দিবস পালন উপলক্ষ্যে ব্যাপক প্রস্তুতি গ্রহন করা হয়েছে ।আগামীকাল সকাল ৯টায় পুলিশ প্যারেড গ্রাউন্ডে কেন্দ্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । এছাড়া সকাল সাতটায় বেসরকারী বাসগৃহ , কার্য্যলয়ে এবং সকাল ৮টায় সরকারী কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । হাইলাকান্দি জেলায়ও আগামী কাল সাধারনতন্ত্র দিবস যথাযোগ্য মর্য্যাদায় বিভিন্ন কার্য্যসুচীর মাধ্যমে পালন করা হবে । এবছর সাধারনতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান নেতাজী সুভাসচন্দ্র বসু স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে । এই অনুষ্ঠানে সকাল ৯টায় জাতীয় পতাকা উত্তোলন করা হবে । শ্রীভূমি জেলায় ও আগামীকাল যথাযোগ্য মর্যাদায় সাধারণতন্ত্র দিবস পালন করা হবে ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ভারত তথা আসামের যুব ও দক্ষ কর্ম শক্তিকে জাপানে কাজ করার সুযোগ প্রদান সম্পর্কে জাপানের বৈদেশিক পরিক্রমা দপ্তরের সংসদীয় উপমন্ত্রী আকিকু ইকুনাইকের সঙ্গে মত বিনিময় করেন ।গতকাল তাঁর  জাপান সফরের তৃতীয় দিনে সেদেশের বৈদেশিক

পরিক্রমা দপ্তরের সংসদীয় উপমন্ত্রী  সহ বেশ কয়েকজন শীর্ষ শিল্পপতির সংগে সাক্ষাৎ করেন ।  এরপর মুখ্যমন্ত্রী দেশটির প্রথমসারির আর্থিক প্রতিষ্ঠানের মুখ্য কার্যবাহী আধিকারিক ,জাপানী বৈদ্যুতিক কারিগরি প্রতিষ্ঠানের উপাধ্যক্ষের সংগে এক গুরুত্বপূর্ন বৈঠকে মিলিত হয়ে আসামের কোম্পানীগুলিকে ক্রেডিট সুবিধা প্রদান  ও জাপানী কোম্পানীর আসামে বিনিয়োগের ধারাবাহিকতা নিশ্চিত করা , রাজ্যের ক্রমবর্ধমান বৈদুতিক ও শক্তিক্ষেত্রকে সমর্থন করার জন্য  মুখ্যমন্ত্রী ড: শর্মা অনুরোধ জানান ।

---

আজ পঞ্চদশ জাতীয় ভোটদাতা দিবস ।সমগ্র দেশে আজ পঞ্চদশ জাতীয় ভোটদাতা দিবস পালন উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে  । দেশে মোট ভোটদাতার সংখ্যা  প্রায় ১০০ কোটি  হোয়ার পরিপ্রেক্ষিতে এবার জাতীয় ভোটদাতা দিবস বিশেষভাবে পালন করা হবে । এবছরের এই দিবসের মূলমন্ত্র হচ্ছে সকলের নিশ্চিতভাবে ভোটদান করা । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মূ আজ নতুনদিল্লীতে জাতীয় ভোটদাতা দিবসের মূল কার্যসূচীতে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । অনুষ্ঠানে আইন ও ন্যায় বিভাগের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘোয়াল সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকা সহ মুখ্য নির্বাচন কমিশনার ও অন্য নির্বাচন কমিশনাররা অংশ গ্রহণ করবেন ।

এদিকে বরাক উপত্যাকার তিন জেলা সহ রাজ্যের বেশ কয়েকটি জেলায় গতকাল ভোটদাতা দিবস পালন করা হয়েছে ।কাছাড় জেলা সহ শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার সরকারী কার্যালয়গুলোতে গতকাল ভোটদাতা দিবস পালন উপলক্ষে ভোটদান প্রক্রিয়ায় অংশগ্রহণের অঙ্গীকার করে শপথবাক্য পাঠ করা হয় ।

---

হাইলাকান্দি মনাছড়াতে গতকাল প্রধাসনমন্ত্রী গ্রামীন সড়ক যোজনার অধীনে একটি সড়কের শিলান্যাস করা হয় । রাজ্যের পূর্তমন্ত্রী ( গ্রামীন ) কৃষেন্দু পাল গতকাল এই সড়কের শিলান্যাস করেন ।এই সড়কটি উমেদনগর থেকে মোনাছড়া গ্র্যান্ট হয়ে রাজ্যেশ্বরপুর পঞ্চম খন্ড পর্যন্ত বিস্তারিত হবে ।অনুষ্ঠানেও বিধায়ক জাকির হুসেন জেলা বিজেপি সভাপতি কল্যান গোস্বামী প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলার লক্ষীনগর চা বাগানে গতকাল ভারতীয় জনতা পার্টীর সক্রিয় কার্যকর্তা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার নির্দেশে আয়োজিত এই বিশেষ সম্মেলনে মন্ত্রি কৃষ্ণেন্দু পাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । সম্মেলনে পৌরহিত্য করেন জেলা বিজেপি সভাপতি কল্যাণ গোস্বামী ।

---

---